দৈনিক ইত্তেফাক

তারিখ ...... 20 MAY 2015
পৃষ্ঠা ...১৯... কলাম ...৬......

# বিশ্বব্যাপী শিক্ষা খাতে অর্থায়ন দ্বিগুণ করার ঘোষণা বিশ্বব্যাংকের

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ৫ বছরে বিশ্বব্যাপী শিক্ষা খাতে ৫ বিলিয়ন ডলার অর্থায়নের ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক। ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূর করার প্রতিশ্রুতির অংশ হিসেবে এ অর্থায়ন করা হবে। বিশ্বব্যাংক উল্লেখ করেছে, শিক্ষার নিম্ন মানের ফলে দারিদ্র্য দূরীকরণের প্রক্রিয়া মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে সমতা ও সক্ষমতা, বাড়াতে এ অর্থব্যয় করা হবে। অর্থায়নের পরিমাণ চলমান শিক্ষাখাতে ফলাফল-ভিত্তিক প্রকল্পে অর্থায়নের চেয়ে দ্বিগুণ উল্লেখ করা হয়েছে।

কোরিয়ার সিউলে বিশ্বশিক্ষা ফোরাম ২০১৫-এ গতকাল ঘোষণা দেয় বিশ্বব্যাংক। ১৬০টির বেশি দেশের প্রতিনিধিরা শিক্ষা ক্ষেত্রে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) ২০১৫ পরবর্তী টেকসই উন্নয়ন লক্ষ্য কাঠামো নির্ধারণে চলতি সপ্তাহে কোরিয়ায় একত্র হয়েছে। বিশ্বব্যাংক জানিয়েছে এখনও বিশ্বব্যাপী ১২ কোটি ১০ লাখ শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত। এর বেশিরভাগ শিশু দারিদ্র্য, লিঙ্গ বৈষম্য, দুর্গম ভৌগলিক পরিস্থিতি এবং শারীরিক অক্ষমতার কারণে।